

মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ২৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ২৭]

২. কিতাবুল ইমান (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ ইসলাম যদি প্রকৃত অবস্থায় না হয়

بَابُ إِذَا لَمْ يَكُنِ الْإِسْلَامُ عَلَى الْحَقِيقَةِ وَكَانَ عَلَى الْإِسْتِسْلَامِ أَوْ الْخَوْفِ مِنَ الْقَتْلِ

আরবী

عن سعد بن أبي وقاص: أن رسول الله أعطى رهطاً وسعد جالس، فترك رسول الله رجلاً هو أعجبهم إليّ، فقلت: يا رسول الله ما لك عن فلان؟ فوالله إني لأراه مؤمناً، فقال أو مسلماً؟ فسكت قليلاً ثم غلبنني ما أعلم منه، فعدت لمقالتني فقلت: ما لك عن فلان؟ فوالله إني لأراه مؤمناً، فقال أو مسلماً؟ ثم غلبنني ما أعلم منه فعدت لمقالتني وعاد رسول الله ثم قال يا سعد إني لأعطي الرجل، وغيره أحب إليّ منه، خشية أن يكبه الله في النار. (بخارى: ٢٦)

বাংলা

২৬) সা'দ বিন আবু ওয়াক্কাস (রাঃ) হতে বর্ণিত, একদা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একদল লোককে কিছু দান করলেন। সেখানে সা'দ (রাঃ) বসা ছিলেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মজলিসের এক ব্যক্তিকে কোন কিছুই দিলেন না। অথচ উপস্থিত লোকদের মধ্যে ঐ লোকটি আমার কাছে বেশী প্রিয় ছিল। তখন আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বললামঃ ঐ ব্যক্তিকে দান করা থেকে বিরত থাকলেন কেন? আল্লাহর শপথ! আমি তো তাকে মু'মিন মনে করি। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেনঃ তুমি তাকে মুসলিম মনে করতে পার। এ কথা শ্রবণ করে আমি কিছুক্ষণ চুপ থাকলাম। তার সম্পর্কে আমার ধারণা মতে পুনরায় প্রশ্ন করতে বাধ্য হলাম এবং বললামঃ ঐ ব্যক্তিকে দান করা থেকে বিরত থাকলেন কেন? আল্লাহর শপথ! আমি তো তাকে মু'মিন মনে করি। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেনঃ তুমি মুসলিম মনে করতে পার। এ কথা শ্রবণ করে আমি কিছুক্ষণ চুপ থাকলাম। তার সম্পর্কে আমার ধারণা মতে পুনরায় প্রশ্ন করতে বাধ্য হলাম। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামও একই উত্তর দিলেন। পরিশেষে তিনি বললেনঃ হে সা'দ! আমি কখনও কখনও কোন লোককে দান করি অথচ অন্যরা (যাদেরকে দান করিনা তারা) আমার নিকট তার চেয়ে অধিক প্রিয়। তাকে দান করার কারণ হল তাকে যেন আল্লাহ উপুড় করে জাহান্নামে নিক্ষেপ না করেন। অর্থাৎ আমি যদি তাকে দান না করি তাহলে সে হয়ত মুরতাদ হয়ে যাবে। পরিণামে সে জাহান্নামে প্রবেশ করবে। সুতরাং জাহান্নাম থেকে বাঁচানোর জন্যই আমি তাকে দান করি।

টিকাঃ যেহেতু ঈমান অপ্রকাশ্য বিষয়, তাই এর পরিবর্তে প্রকাশ্য বিষয় তথা আমলের সাক্ষ্য দেয়ার কথা ইসলামে স্বীকৃত। ফলে কাউকে নির্দিষ্ট করে প্রকৃত ঈমানদার, মুত্তাকী, কামেল, অলী বা এ জাতীয় কথা বলা যাবেনা। উপরোক্ত হাদীছে এ শিক্ষাই দেয়া হয়েছে।

English

If one does not embrace Islam truly but does so by compulsion or for fear of being killed (then that man is not a believer)

Narrated Sa'd:

Allah's Messenger (ﷺ) distributed (Zakat) amongst (a group of) people while I was sitting there but Allah's Messenger (ﷺ) left a man whom I thought the best of the lot. I asked, "O Allah's Messenger (ﷺ)! Why have you left that person? By Allah I regard him as a faithful believer." The Prophet (ﷺ) commented: "Or merely a Muslim." I remained quiet for a while, but could not help repeating my question because of what I knew about him. And then asked Allah's Messenger (ﷺ), "Why have you left so and so? By Allah! He is a faithful believer." The Prophet (ﷺ) again said, "Or merely a Muslim." And I could not help repeating my question because of what I knew about him. Then the Prophet (ﷺ) said, "O Sa'd! I give to a person while another is dearer to me, for fear that he might be thrown on his face in the Fire by Allah."

ফুটনোট

ইসলামিক ফাউন্ডেশনঃ ২৬

ইসলামিক সেন্টারঃ ২৬

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী □ বর্ণনাকারীঃ সা'দ বিন আবু ওয়াক্কাস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=88721>

📖 হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন